

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ১০৪

আরবি মূল আয়াত:

نَحْنُ أَعْلَمُ بِمَا يَقُولُونَ إِذْ يَقُولُ أَمْثَلُهُمْ طَرِيقَةً إِن لَّبِثْتُمْ إِلَّا يَوْمًا

﴿ ১০৪ ﴾

অনুবাদসমূহ:

আমি ভালভাবেই জানি তারা কী বলবে, তাদের মধ্যে অপেক্ষাকৃত সৎপথে ছিল যে লোকটি সে বলবে, 'তোমরা মাত্র একদিন অবস্থান করেছিলে!' — আল-বায়ান

আমি ভালভাবেই জানি তারা যা বলে। তাদের মধ্যে যে উত্তম পথের অনুসারী সে বলবে, 'তোমরা একদিনের বেশি অবস্থান করনি।' — তাইসিরুল

তারা কি বলবে তা আমি ভাল জানি। তাদের মধ্যে যে অপেক্ষাকৃত সৎ পথে ছিল সে বলবে: তোমরা এক দিনের বেশি অবস্থান করনি। — মুজিবুর রহমান

We are most knowing of what they say when the best of them in manner will say, "You remained not but one day." — Sahih International

১০৪. আমরা ভালভাবেই জানি তারা কি বলবে, তাদের মধ্যে যে অপেক্ষাকৃত উত্তম পথে ছিল (বিবেকবান ব্যক্তি) সে বলবে, তোমরা মাত্র একদিন অবস্থান করেছিলে।

-

তাফসীরে জাকারিয়া

(১০৪) ওরা কি বলবে তা আমি ভাল জানি। ওদের মধ্যে সর্বাপেক্ষা বেশী উত্তম পথের অনুসারী[১] বলবে, 'তোমরা মাত্র একদিন অবস্থান করেছিলে।'

[১] অর্থাৎ সবার থেকে বুদ্ধিমান ও জ্ঞানী। অর্থাৎ, দুনিয়ার জীবন তাদের কাছে কয়েক দিন বরং কয়েক ঘন্টা বলে মনে হবে। যেমন অন্যত্র মহান আল্লাহ বলেছেন, {وَيَوْمَ تَقُومُ السَّاعَةُ يُقْسِمُ الْمُجْرِمُونَ مَا لَبِثُوا غَيْرَ سَاعَةٍ} যে দিন কিয়ামত সংঘটিত হবে, সেদিন অপরাধীরা শপথ করে বলবে যে, তারা দুনিয়াতে মুহূর্তকালের বেশী অবস্থান করেনি। (সূরা রুমঃ ৫৫) এই বিষয়টি আরো বিভিন্ন জায়গায় বর্ণনা করা হয়েছে; যেমন সূরা ফাতিরঃ ৩৭, সূরা মু'মিনুনঃ ১১২-১১৪, সূরা নাযিআতঃ ৪৬ ইত্যাদি। উদ্দেশ্য হল, অস্থায়ী জীবনকে যেন স্থায়ী জীবনের উপর প্রাধান্য

না দেওয়া হয়।

তাবসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2452>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন